

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মৎস্য-৩ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২১ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/০৬ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৯৫-আইন/২০১৫ —যেহেতু, Protection and Conservation of Fish Act, 1950 (Act No. XVIII of 1950), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত section 3 এর sub-section (5) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০৮ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ২২ জুন ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৭০-আইন/২০১৫ দ্বারা Protection and Conservation of Fish Rules 1985, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এ নিম্নবর্ণিত সংশোধনের লক্ষ্যে ২ (দুই) মাস সময়ের মধ্যে আপত্তি বা পরামর্শ আহবান করিয়া প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু উক্ত প্রাক-প্রকাশনায় উল্লিখিত দুই (২) মাস সময় ইতিমধ্যে অতিক্রান্ত হইয়াছে এবং প্রস্তাবিত সংশোধনের উপর কোন আপত্তি বা পরামর্শ পাওয়া যায় নাই বিধায় সরকার উক্ত Rules এর অধিকতর সংশোধনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

যেহেতু, উক্ত Act এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত Rules এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত Rules এর rule 13 এর sub-rule (1) এর clause (b) এর TABLE এর কলাম (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“3(three) days before and 11(eleven) days after the full moon, including the day of full moon, that is, total 15(fifteen) days of the moon which will be first appeared in the Bangla month of Ashwin each year.”।

রাষ্ট্রপতির আদেশক্রমে
শেলীনা আফরোজা পিএইচডি
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮২৯৩)

মূল্য : টাকা ৮.০০